Test Booklet No.
परीक्षा पुस्तिका संख्या

128074

This booklet contains 20 pages.
इस पुस्तिका में 20 पृष्ठ हैं ।

# JBC – 12A

**PAPER II / प्रश्न-पत्र II**

**PART IV & V / भाग IV & V**

**Bengali Language Supplement**
**बंगाली भाषा परिशिष्ट**

Test Booklet Code
परीक्षा पुस्तिका संकेत

**X**

**Do not open this Test Booklet until you are asked to do so.**
**इस परीक्षा पुस्तिका को तब तक न खोलें जब तक कहा न जाए ।**

**Read carefully the Instructions on the Back Cover (Page 19 & 20) of this Test Booklet.**
**इस परीक्षा पुस्तिका के पिछले आवरण (पृष्ठ 19 व 20) पर दिए निर्देशों को ध्यान से पढ़ें ।**

**For instructions in Bengali see Page 2 of this booklet. / बंगाली में निर्देशों के लिए इस पुस्तिका का पृष्ठ 2 देखें ।**

## *INSTRUCTIONS FOR CANDIDATES*

1. This booklet is a supplement to the Main Test Booklet for those candidates who wish to answer **EITHER** Part IV (Language I) **OR** Part V (Language II) in **BENGALI** language, but **NOT BOTH**.
2. Candidates are required to answer Part I and Part II **OR** III from the Main Test Booklet and Parts IV and V from the languages chosen by them.
3. Questions on English and Hindi languages for Part IV and Part V have been given in the Main Test Booklet. Language Supplements can be asked for separately.
4. Use **Blue / Black Ball Point Pen only** for writing particulars on this page / marking responses in the Answer Sheet.
5. The CODE for this Language Booklet is **X**. Make sure that the CODE printed on **Side-2** of the Answer Sheet and on your Main Test Booklet is the same as that on this Language Supplement Booklet. In case of discrepancy, the candidate should immediately report the matter to the Invigilator for replacement of the Language Supplement Test Booklet.
6. This Test Booklet has **two** Parts, IV and V, consisting of **60** Objective Type Questions, each carrying 1 mark :
   Part IV : Language I – (Bengali) *(Q. 91 to Q. 120)*
   Part V : Language II – (Bengali) *(Q. 121 to Q. 150)*
7. Part IV contains 30 questions for Language I and Part V contains 30 questions for Language II. In this Test Booklet, only questions pertaining to Bengali language have been given. **In case the language/s you have opted for as Language I and/or Language II is a language other than Bengali, please ask for a Test Booklet that contains questions on that language. The languages being answered must tally with the languages opted for in your Application Form.**
8. **Candidates are required to attempt questions in Part V (Language II) in a language other than the one chosen as Language I (in Part IV) from the list of languages.**
9. Rough work should be done only in the space provided in the Test Booklet for the same.
10. The answers are to be recorded on the OMR Answer Sheet only. Mark your responses carefully. No whitener is allowed for changing answers.

## *परीक्षार्थियों के लिए निर्देश*

1. यह पुस्तिका मुख्य परीक्षा पुस्तिका की एक परिशिष्ट है, उन परीक्षार्थियों के लिए जो **या** तो भाग IV (भाषा I) **या** भाग V (भाषा II) **बंगाली** भाषा में देना चाहते हैं, लेकिन **दोनों नहीं** ।
2. परीक्षार्थी भाग I एवं भाग II **या** III के उत्तर मुख्य परीक्षा पुस्तिका से दें और भाग IV व V के उत्तर उनके द्वारा चुनी भाषाओं से ।
3. अंग्रेज़ी व हिन्दी भाषा पर प्रश्न मुख्य परीक्षा पुस्तिका में भाग IV व भाग V के अन्तर्गत दिए गए हैं । भाषा परिशिष्टों को आप अलग से माँग सकते हैं ।
4. इस पृष्ठ पर विवरण अंकित करने एवं उत्तर पत्र पर निशान लगाने के लिए **केवल नीले/काले बॉल पॉइंट पेन** का प्रयोग करें ।
5. इस भाषा पुस्तिका का **संकेत** है **X**. यह सुनिश्चित कर लें कि इस भाषा परिशिष्ट पुस्तिका का संकेत, उत्तर पत्र के **पृष्ठ-2** एवं मुख्य परीक्षा पुस्तिका पर छपे संकेत से मिलता है । अगर यह भिन्न हो तो परीक्षार्थी दूसरी भाषा परिशिष्ट परीक्षा पुस्तिका लेने के लिए निरीक्षक को तुरन्त अवगत कराएँ ।
6. इस परीक्षा पुस्तिका में **दो** भाग IV और V हैं, जिनमें **60** वस्तुनिष्ठ प्रश्न हैं, जो प्रत्येक 1 अंक का है :
   भाग IV : भाषा I — (बंगाली) *(प्र. 91 से प्र. 120)*
   भाग V : भाषा II — (बंगाली) *(प्र. 121 से प्र. 150)*
7. भाग IV में भाषा I के लिए 30 प्रश्न और भाग V में भाषा II के लिए 30 प्रश्न दिए गए हैं । इस परीक्षा पुस्तिका में केवल बंगाली भाषा से संबंधित प्रश्न दिए गए हैं । **यदि भाषा I और/या भाषा II में आपके द्वारा चुनी गई भाषा(एँ) बंगाली के अलावा है तो कृपया उस भाषा वाली परीक्षा पुस्तिका माँग लीजिए । जिन भाषाओं के प्रश्नों के उत्तर आप दे रहे हैं वह आवेदन पत्र में चुनी गई भाषाओं से अवश्य मेल खानी चाहिएँ ।**
8. **परीक्षार्थी भाग V (भाषा II) के लिए, भाषा सूची से ऐसी भाषा चुनें जो उनके द्वारा भाषा I (भाग IV) में चुनी गई भाषा से भिन्न हो ।**
9. रफ कार्य परीक्षा पुस्तिका में इस प्रयोजन के लिए दी गई खाली जगह पर ही करें ।
10. सभी उत्तर केवल OMR उत्तर पत्र पर ही अंकित करें । अपने उत्तर ध्यानपूर्वक अंकित करें । उत्तर बदलने हेतु श्वेत रंजक का प्रयोग निषिद्ध है ।

Name of the Candidate (in Capitals) : ____________________
परीक्षार्थी का नाम (बड़े अक्षरों में ) :

Roll Number (अनुक्रमांक) : in figures (अंकों में) ____________________

: in words (शब्दों में) ____________________

Centre of Examination (in Capitals) : ____________________
परीक्षा केन्द्र (बड़े अक्षरों में ) :

Candidate's Signature : ____________________ Invigilator's Signature : ____________________
परीक्षार्थी के हस्ताक्षर : निरीक्षक के हस्ताक्षर :

Facsimile signature stamp of Centre Superintendent ____________________

SEAL

বর্তমান পুস্তিকাটি 20 পৃষ্ঠা সমন্বিত ।

# JBC – 12A

পরীক্ষা পুস্তিকা কোড

**X**

## প্রশ্ন পত্র II

## ভাগ IV & V

## বাংলা ভাষা পরিশিষ্ট

**যতক্ষণ পর্যন্ত না বলা হবে, ততক্ষণ পর্যন্ত পরীক্ষা পুস্তিকাটি খুলবেন না ।**

**পরীক্ষা পুস্তিকাটির পিছনের আবরণীতে (পৃষ্ঠ 19 এবং 20) মুদ্রিত নির্দেশ গুলি মন দিয়ে পড়ুন ।**

*পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ*

1. যে সব পরীক্ষার্থী **বাংলা** ভাষায় ভাগ IV (ভাষা I) (Part IV, Language I) **অথবা** ভাগ V (ভাষা II) (Part V, Language II) – এর কিন্তু দুটিরই নয় – উত্তর দিতে চান, তাঁদের জন্য এই পুস্তিকাটি মুখ্য পরীক্ষা পুস্তিকার একটি পরিশিষ্ট বিশেষ ।
2. পরীক্ষার্থীরা ভাগ I এবং ভাগ II **অথবা** III এর উত্তর মুখ্য পরীক্ষা পুস্তিকা থেকে দেবেন এবং ভাগ IV এবং V এর উত্তর তাদের নিজেদের নির্বাচিত ভাষার থেকে দেবেন ।।
3. ইংরেজি এবং হিন্দি ভাষার উপর প্রশ্ন মুখ্য পরীক্ষা পুস্তিকার ভাগ IV এবং ভাগ V এ দেওয়া আছে । পরীক্ষার্থীরা আলাদা করে ভাষা-পরিষিষ্টগুলি (Language Supplements) চেয়ে নিতে পারেন ।
4. এই পৃষ্ঠার বিবরণ গুলি লেখার জন্য এবং উত্তর পত্রে উত্তর চিহ্নিত করণের জন্য **কেবলমাত্র নীল/কালো বল্ পয়েন্ট্ পেনই** ব্যবহার করতে হবে ।
5. বর্তমান ভাষা-পুস্তিকার (Language Booklet) কোড **X**. এই ভাষা পরিশিষ্ট পুস্তিকার কোড এবং উত্তর পত্রের দ্বিতীয় পৃষ্ঠায় মুদ্রিত কোড ও মুখ্য পরীক্ষা পুস্তিকার উপরে মুদ্রিত কোড একই কি না, পরীক্ষার্থীরা সেটা অবশ্যই নিশ্চিত হয়ে নেবেন । কোড এক না হলে পরীক্ষার্থী অবিলম্বে পরীক্ষা নিরীক্ষক (invigilator) – এর দৃষ্টি আকর্ষণ করবেন এবং তাকে ভাষা পরিশিষ্ট পরীক্ষা পুস্তিকাটি বদলে দিতে চলবেন ।
6. এই পরীক্ষা পুস্তিকাটি IV এবং V – এই দুই ভাগে বিন্যস্ত এবং এর মধ্যে **60**টি বস্তুনিষ্ঠ প্রশ্ন (Objective Type Questions) বর্তমান । প্রতিটি বস্তুনিষ্ঠ প্রশ্ন 1 নম্বরের ।

   ভাগ IV : ভাষা I – (বাংলা) *(প্রশ্ন সংখ্যা : 91 থেকে 120)*

   ভাগ V : ভাষা II – (বাংলা) *(প্রশ্ন সংখ্যা : 121 থেকে 150)*
7. ভাগ IV এ ভাষা I এর জন্য আছে 30টি প্রশ্ন এবং ভাগ V এ ভাষা II এর জন্য আছে 30টি প্রশ্ন । যদি ভাষা I এবং/অথবা ভাষা II এর জন্য আপনার নির্বাচিত ভাষাটি (গুলি) বাংলা না হয়ে অন্য কিছু হয় – তা হলে অনুগ্রহ করে আপনার নির্বাচিত ভাষার পরীক্ষা পুস্তিকা চেয়ে নিন । আপনি আপনার আবেদন পত্রে (Application Form) যে নির্বাচিত ভাষার উল্লেখ করেছেন, আপনাকে ঠিক সেই ভাষাতেই উত্তর লিখতে হবে ।
8. পরীক্ষার্থীদের ভাগ V (ভাষা II) এর প্রশ্নোত্তরের জন্য প্রদত্ত ভাষা-তালিকা থেকে এমন একটি ভাষা নির্বাচন করতে হবে – যা তার ভাষা I (ভাগ IV) এর জন্য নির্বাচিত ভাষা থেকে আলাদা । অর্থাৎ ভাষা I (ভাগ IV) এবং ভাগ V (ভাষা II) এর প্রশ্নোত্তরের জন্য একই ভাষা নির্বাচন বলবে না ।
9. পরীক্ষা পুস্তিকায় পরীক্ষার্থীর নিজের কাজ (rough work) – এর জন্য নির্দিষ্ট খালি জায়গার মধ্যেই rough work করতে হবে।
10. সব উত্তর OMR উত্তর-পত্রের মধ্যেই চিহ্নিত করতে হবে । উত্তর চিহ্নিত করণের কাজটি সাবধানতার সঙ্গে করতে হবে ।

পরীক্ষার্থীর নাম (ছাপার অক্ষরে) ______________________

ক্রমিক সংখ্যা : (সংখ্যায়) ______________________

: (অক্ষরে) ______________________

পরীক্ষা কেন্দ্র (ছাপার অক্ষরে) : ______________________

পরীক্ষার্থীর স্বাক্ষর : ______________ পরীক্ষা নিরীক্ষকের স্বাক্ষর : ______________

Facsimile signature stamp of
Centre Superintendent ______________________

যে-সব পরীক্ষার্থী বাংলা কে

**ভাষা I** হিসাবে নির্বাচিত করেছেন,

তারা-ই শুধু এই অংশের উত্তর

দেবেন ।

# ভাগ IV
# ভাষা I
# বাংলা

*নির্দেশ : নিম্নলিখিত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লিখুন ।*

**91.** অভিনেতাদের সম্পর্কিত সাকল্যবাচক নামশব্দটি হবে –

(1) নাট্যদল

(2) বিধায়কগণ

(3) চরিত্রসমূহ

(4) শিক্ষকগোষ্ঠী

**92.** ‘আপনি জিজ্ঞাসা করুন : আমাদের লক্ষ্য কী ? আমি উত্তর দিতে পারি একটি শব্দে : বিজয়’ । এমন একটি প্রশ্নকে বলা হয় –

(1) বিশ্লেষণাত্মক

(2) আলংকারিক

(3) রীতি-অনুসারী

(4) তাৎক্ষণিক

**93.** আপনার এক সহযাত্রী ট্রেনে জানলার পাশের আসনটিতে বসে আছেন । আপান চান যে তিনি জানলাটি বন্ধ করে দিন । কীভাবে আপনি তাঁকে অনুরোধ জানাবেন, বেছে লিখুন ।

(1) অনুগ্রহ করে জানলাটি বন্ধ করুন ।

(2) আপনি কি জানলাটি বন্ধ করতে পারেন না ।

(3) আপনার পক্ষে কি জানলাটি বন্ধ করে দেওয়া সম্ভব হবে ?

(4) আমায় জানলাটি বন্ধ করে দিন ।

**94.** নীচের বাক্‌বিন্যাসটি পড়ুন –

শিক্ষক : তুমি কি বরং বদলে একটি গল্পের বই পড়তে চাইবে ?

ছাত্র : হ্যাঁ ।

শিক্ষক : হ্যাঁ, অনুগ্রহ করে –

(1) শিক্ষক ছাত্রকে ভাষার বিকল্প-কাজ শেখাচ্ছেন

(2) ভাষাকে শিষ্টতার সঙ্গে সম্পর্কযুক্ত করছেন

(3) বিনম্রভাবে পাঠ শুরু করবার নির্দেশ দিচ্ছেন

(4) এখানে শিক্ষক ছাত্রের অনুরোধ রক্ষা করছেন

**95.** নীচের শব্দগুলির মধ্যে কোন্‌টি ‘কাজ’ বোঝায় ?

(1) রচনা

(2) স্বপ্ন

(3) পুষ্প

(4) ছুট্

**96.** ‘যদি’, ‘যত’, ‘যেমন’, ‘যখন’ – এইসব সম্ভাবনাবাচক শব্দগুলি যখন ব্যবহার করি, তখন –

(1) একটি কার্যকারণ-সূত্র সূচিত হয়

(2) পরের শব্দগুলির অর্থবোধকে স্পষ্ট করে

(3) বাক্যের মধ্যে তাদের অবস্থান নির্ণয় করে

(4) তাদের সম্পূর্ণ অর্থ সূচিত হয়

97. (a) পোষ্টম্যান এগারোটার সময় চিঠি দিয়ে গেল ।

(b) চিঠিটা এগারোটার সময় পোষ্টম্যানের হাতেই এল ।

উপরুক্ত বাক্যদুটিতে –

(1) শব্দসজ্জা বোঝানো হয়েছে
(2) কর্তা এবং কর্মের ভূমিকা বোঝানো হয়েছে
(3) ক্রিয়ারূপের পার্থক্য বোঝানো হয়েছে
(4) 'পোষ্টম্যান' শব্দটির ব্যবহার বোঝানো হয়েছে

98. নিম্নলিখিত শব্দজোড়ের কোন্‌টি একটি জ্ঞান-রীতিকে/ভঙ্গীকে (cognitive style) বোঝায় ?

(1) কর্তৃবাচ্য/কর্মবাচ্য (active/passive)
(2) সর্বাত্মক/বিশ্লেষণাত্মক (wholist/analytic)
(3) ভাবানুবাদ/আক্ষরিক (interpretative/literal)
(4) আবেগপ্রবণ/বুদ্ধিপূর্ণ (emotional/sensible)

99. শিক্ষণ এবং মূল্যায়নের ক্ষেত্রে 'দপ্তর' (portfolio) বলতে বোঝায় –

(1) মৌখিক পরীক্ষা – যা প্রতি কার্যকাল (term) এ হয়
(2) নির্দিষ্ট সময় জুড়ে কোনো শিক্ষার্থী বা ছাত্রের কাজের সংগ্রহ – যার দ্বারা সেই ছাত্রের অগ্রগতি বা প্রগতি বোঝা যায়
(3) শিক্ষরের দ্বারা কোনো ছাত্রের ব্যবহার, প্রবণতা ইত্যাদির নথি রাখা
(4) নির্দিষ্ট সময়ান্তর কাগজে-কলমে পরীক্ষা

100. পাঠের সময় 'ডিকোড' করা বলতে বোঝায় –

(1) একটি জটিল ধাঁধার সমাধান
(2) বিশ্লেষণ করা এবং অনুধাবন করা
(3) একটি বিদেশি ভাষা বোঝা
(4) ICT তে একটি কার্যক্রম

101. বক্তা ১ – তোমার মা কি এতক্ষনে বাড়ি এসেছেন ?

বক্তা ২ – হ্যাঁ

ছাত্রদের কথা বলা এবং শোনার দক্ষতা পরীক্ষণে এখানে কোন্ বক্তার নম্বর কাটা হবে ?

(1) প্রথম বক্তা
(2) দ্বিতীয় বক্তা
(3) দু'জনেরই
(4) কারোই নয়

102. লেখার সময় একটি সহায়ক কৌশল যা ব্যবহৃত হয়, তা হল –

(1) শব্দ ছেড়ে দেওয়া (ellipsis)
(2) বিশেষণ (adjective)
(3) প্রস্তাব (proposition)
(4) পদগুচ্ছ (phrase)

**103.** যদি লেখাটি সংক্ষিপ্ত, সম্পূর্ণ, প্রথম পুরুষে বর্ণিত, অপ্রাসঙ্গিকতাবিহীন, আবেগপ্রবণ অতি-কথন-দোষশূন্য হয়, এবং লেখাটি যদি যুক্তিপারম্পর্যে গ্রথিত হয়, তাহল লেখাটিকে বলা যায় –

(1) স্মারকলিপি

(2) রিপোর্ট

(3) খবরের কাগজের নিবন্ধ

(4) শ্রেণীবদ্ধ বিজ্ঞাপণ

**104.** "সূর্যগ্রহণ কবে ?" – প্রশ্নটি

(1) বর্তমান কালসূচক

(2) ভবিষ্যৎকালসূচক

(3) ঘটমান বর্তমান কালসূচক

(4) অতীত কালসূচক

**105.** NCF 2005 [3.1.4] এর সুপারিশ অনুযায়ী, স্কুলগুলিতে একটি বিশেষ ক্ষেত্রে পড়া এবং লেখায় অধিক দৃষ্টি দিতে হবে, এমনটা বলা হয়েছে, সেই বিশেষ ক্ষেত্রটি হল –

(1) মাতৃভাষা

(2) হিন্দী

(3) অন্যান্য অভারতীয় ভাষা

(4) ইংরাজি

*নির্দেশ : নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ুন । প্রদত্ত প্রশ্নগুলির (106 – 114 পর্যন্ত) উত্তর বেছে লিখুন ।*

রামমোহনের 'আত্মীয়সভা'য় শাস্ত্রীয় আলোচনার সঙ্গে সঙ্গে সামাজিক বিধিনিষেধ ও সমস্যা নিয়ে আলোচনা হত, প্রচলিত ধর্মকে গ্লানিমুক্ত করার চেষ্টা তিনি এভাবেই করতেন । অবশ্য এখানকার মূল আলোচ্য বিষয় ছিল বেদান্ত । সেই কারণে 'আত্মীয়সভা'র আত্মীয়রা 'বৈদান্তিক' নামে পরিচিত ছিলেন । সমাজে রামমোহনের ধর্মীয় মতামত উত্তপ্ত আবহাওয়ার সৃষ্টি করলে অনেকেই 'আত্মীয়সভা' ত্যাগ করেন । জয়কৃষ্ণ সিংহ নামে রামমোহনের এক বন্ধু এ কথাও রটিয়ে দিয়েছিলেন যে এখানে গো-হত্যা হয় । সভ্যরা 'নাস্তিক' এবং 'স্বেচ্ছাচারী' বলে নিন্দিত হন । এসব কারণে 'আত্মীয়সভা' উঠে গেল । পরে রামমোহন দ্বারকানাথ ঠাকুর, কালীনাথ মুন্সী, মথুরানাথ মল্লিক – এঁদের সাহায্যে চিৎপুরে ফিরিঙ্গী কমলবসুর বাড়ি ভাড়া নিয়ে সাপ্তাহিক ব্রহ্মোপাসনা আরম্ভ করেন এবং সভার কাজ করতে থাকেন । সভার প্রথম অধিবেশন হয়েছিল ১৮২৯ সনের বিশে অক্টোবর নামকরণ হয় 'ব্রাহ্মসমাজ' । ১৯৩০ সনে ব্রাহ্মসমাজ তার নিজস্ব বাড়িতে উঠে আসে । এই সমাজের প্রথম আচার্য ছিলেন রামচন্দ্র বিদ্যাবাগীশ ।

**106.** প্রচলিত ধর্মকে গ্লানিমুক্ত করার চেষ্টা করতেন রামমোহন । তাই তিনি –

(1) আত্মীয়সভার সদস্যদের নানান নির্দেশ দিতেন

(2) ধর্মের মূল তত্ত্বাদি আলোচনা করতেন

(3) আত্মীয়সভার সামাজিক বিধিনিষেধ ও সমস্যা বিষয়ে আলোচনা করতেন

(4) বেদান্ত-নির্ভর ধর্মপ্রচার করতেন

**107.** আত্মীয়সভার মূল আলোচনার বিষয় ছিল

(1) লোকধর্ম

(2) ব্যবহার বিধি

(3) বেদান্ত

(4) সমাজ-সমস্যা

**108.** আত্মীয়সভায় সদস্যরা কেন অনেকেই এই সভার সংস্রব ত্যাগ করলেন ?

(1) আত্মীয়সভায় গো-হত্যা হত

(2) রামমোহনের সমাজভাবনা তাঁদের মনঃপূত হল না

(3) সমাজে রামমোহনের ধর্মীয় মতামত উত্তপ্ত আবহাওয়ার সৃষ্টি করল

(4) আত্মীয়সভায় খ্রীষ্টধর্ম প্রচার হত

**109.** বাংলার সমাজে আত্মীয়সভার সভ্যদের নিন্দা করে বলা হত –

(1) নাস্তিক ও স্বেচ্ছাচারী

(2) আত্মীয় ও বান্ধব

(3) বৈদান্তিক ও একেশ্বরবাদী

(4) নিরীশ্বরবাদী ও লম্পট

**110.** যাঁরা আত্মীয়সভার নিন্দা করতেন তাঁদের একজন ছিলেন –

(1) দ্বারকানাথ ঠাকুর

(2) জয়কৃষ্ণ সিংহ

(3) কমল বসু

(4) মথুরানাথ মল্লিক

**111.** আত্মীয়সভা উঠে গেলে পরে রামমোহন প্রথম যেখানে বাড়িভাড়া নেন এবং সাপ্তাহিক ব্রহ্মোপাসনা ও কাজকর্ম আরম্ভ করেন –

(1) দক্ষিণ কলকাতায়

(2) চিৎপুরে কমল বসুর বাড়িতে

(3) বাগ্‌বাজারে

(4) দ্বারকানাথের বাড়িতে

112. ব্রাহ্মসভার প্রথম অধিবেশন হয় –

(1) বিশে অক্টোবর, আঠারশ' আটাশ

(2) বিশে অক্টোবর, উনিশশ' আটাশ

(3) বিশে আগষ্ট, আঠারশ' আশি

(4) বিশে সেপ্টেম্বর, আঠারশ' আটাশ

113. ১৯৩০ সনে –

(1) ব্রাহ্মসমাজ তার নিজস্ব বাড়িতে উঠে আসে

(2) 'ব্রাহ্মসমাজ' তার নাম পায়

(3) রামমোহন এ সমাজের দায়িত্বভার নেন

(4) ব্রাহ্মসমাজের গোড়াপত্তন হয়

114. অনুচ্ছেদটির মধ্যে ব্রাহ্মসমাজের প্রথম আচার্যের নাম পাওয়া যায়, তিনি হলেন –

(1) দ্বারকানাথ ঠাকুর

(2) রামগোপাল মল্লিক

(3) রামচন্দ্র বিদ্যাবাগীশ

(4) রামমোহন রায়

*নির্দেশ : নীচের কবিতাটি পড়ে [ 115 – 120 পর্যন্ত ] প্রশ্নগুলির উত্তর বেছে নিয়ে লিখুন ।*

"রুষিলা বাসবত্রাস ! গম্ভীরে যেমতি
নিশীথে অম্বরে মন্দ্রে জীমূতেন্দ্র কোপি,
কহিলা বীরেন্দ্র বলী, – ধর্মপথগামী,
হে রাক্ষসরাজানুজ, বিখ্যাত জগতে
তুমি – কোন্ ধর্মমতে, কহো দাসে শুনি,
জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব, জাতি, – এ সকলে দিলা
জলাঞ্জলি ? শাস্ত্রে বলে, গুণবান্ যদি
পরজন, গুণহীন স্বজন, তথাপি
নির্গুণ স্বজন শ্রেয়ঃ, পরঃ পরঃ সদা !
এ শিক্ষা, হে রক্ষোবর, কোথায় শিখিলে ?
কিন্তু বৃথা গঞ্জি তোমা ! হেন সহবাসে,
হে পিতৃব্য, বর্বরতা কেন বা শিখিবে ?
গতি যার নীচ সহ, নীচ সে দুর্মতি !"

115. ঐ কবিতার ছন্দ হল –

(1) অমিল পয়ার

(2) অমিত্রাক্ষর

(3) দীর্ঘ পয়ার

(4) সমিল মুক্তক

**116.** 'বাসবত্রাস' কথার অর্থ –

(1) বাসবকে জয় করে যে মেঘ

(2) রাবণপুত্র মেঘনাদ

(3) ইন্দ্রের ভয়স্বরূপ – ইন্দ্রজিৎ মেঘনাদ

(4) ইন্দ্রের বাহন মেঘ

**117.** বক্তার চরিত্র সম্পর্কে বলা যায়, তিনি

(1) তাঁর কাছে প্রচলিত ধর্মের স্থান খুব বড়

(2) তিনি জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব, জাতি – এককথায় আত্মীয়বন্ধনকে তথাকথিত প্রচলিত ধর্মের সত্যবন্ধনের ঊর্ধে স্থান দেন

(3) বক্তা জানেন না, তাঁর স্বজনরা আসলে দুর্জন

(4) বক্তা সত্যের বা ধর্মের মর্যাদা দেন না

**118.** 'নির্গুণ স্বজনঃ শ্রেয়ঃ, পরঃ পরঃ সদা !' অর্থে বোঝায় –

(1) পরজন সর্বদাই গুণী হন, নিজের জন দুর্গুণ হন

(2) নিজের জন যদি গুণহীন হন, তাহলেও তাঁরই সঙ্গ শ্রেয়স্কর, পর কখনও আপন হন না

(3) স্বজন সর্বদাই ভালো হন, অন্যদিকে পর পরই হন, আপন হতে পারেন না

(4) নির্গুণ মানুষই স্বজন হন । গুণী মানুষ পর হন

**119.** 'পিতৃব্য' কথাটির দ্বারা বোঝানো হয়েছে –

(1) পিতৃসত্য পালনকারী রামকে

(2) পিতা রাক্ষসরাজ রাবণকে

(3) পিতার ভাই অর্থাৎ কাকা (বিভীষণ) কে

(4) পিতার বোন অর্থাৎ পিসী সূর্পনখাকে

**120.** কবিতাংশের প্রথম দ্বিতীয় এবং তৃতীয় পংক্তিতে যে অলংকারটি রয়েছে, তাকে বলা যায় –

(1) শ্লেষ (সভঙ্গ)

(2) সন্দেহ

(3) চ এবং শ এর অনুপ্রাস

(4) 'ম' এবং 'র' এর অনুপ্রাস

যে-সব পরীক্ষার্থী বাংলা কে

ভাষা **II** হিসাবে নির্বাচিত করেছেন,

তারা-ই শুধু এই অংশের উত্তর

দেবেন ।

# ভাগ V

## ভাষা II

## বাংলা

*নির্দেশ : চারটি সম্ভাব্য উত্তরের মধ্য থেকে সঠিক উত্তরটিকে চিহ্নিত করে নীচের প্রশ্নগুলির উত্তর দিন ।*

**121.** বাংলা পাঠ্যক্রমে সংলাপ-লেখার অংশ যোগ করা হবে যাতে পরীক্ষা করা যায় –

(1) ব্যাকরণগত শুদ্ধতা আছে কীনা

(2) কথোপকথন দক্ষতা কেমন

(3) সৃজনশীলতা কেমন

(4) লেখার সাবলীলতা আছে কীনা

**122.** যা পড়ানো হয় তা শেখা হয় না কারণ –

(1) পাঠ্যক্রম-বহির্ভূত বিষয়েই ছাত্ররা অধিক মনোযোগ দেয়

(2) শিক্ষকের আর্থ-সামাজিক অবস্থা ছাত্রের আর্থ-সামাজিক অবস্থার চেয়ে ভিন্নতর হয়

(3) ছাত্র বা শিক্ষার্থীর যোগ্যতা ভিন্ন ভিন্ন হয়ে থাকে, ব্যক্তিত্ব ভিন্ন ভিন্ন হয় এবং ছাত্ররা ভিন্ন ভিন্ন পটভূমি থেকে আসে

(4) একজন শিক্ষক বা শিক্ষার্থী কেউই কোনো বিষয়ের সম্পূর্ণ অধিকারী হয় না

**123.** নিম্নলিখিত কোন্‌টির ক্ষেত্রে 'প্রসঙ্গ বাক্য' (topic sentence) মূল ভাবনাটির কথা বলে –

(1) বক্তৃতা (A Speech)

(2) অনুচ্ছেদ (A paragraph)

(3) কথোপকথন (A conversation)

(4) রচনা (An Essay)

**124.** গঠনমূলকতা (constructivism) হল সেই তত্ত্ব যেখানে শিক্ষার্থীরা –

(1) বস্তুর অভিজ্ঞতা ও সেইসব অভিজ্ঞতার কথা বলে পৃথিবী সম্বন্ধে নিজেদের বোধ এবং জ্ঞান তৈরী করে

(2) শিক্ষকের দ্বারা আলোকপ্রাপ্ত হয় এবং গবেষণার বিভিন্ন মাধ্যম ব্যবহার করে নিজেদের তত্ত্ব গড়ে নেয়

(3) তাদের নিজের শিক্ষা-উপকরণ গড়ে নিয়ে তার পর হাতে-হাতে অভিজ্ঞতা সঞ্চয় করে

(4) বৈসাদৃশ্য-যুক্ত দৃষ্টান্ত দেখে একটি সুচিন্তিত উপসংহার তৈরী করে

**125.** সবচেয়ে সঠিক মনে হয়, এমন উত্তরটি বেছে লিখুন –

একটি সংগঠনের বা প্রতিষ্ঠানের মধ্যে শিক্ষাসম্বন্ধীয় সংগতি (resource) গুলিকে পরস্পরে ভাগ করে নেওয়া শেখায় যে যোগাযোগের কৌশল বা প্রযুক্তিটি, তাকে বলে –

(1) ইন্ট্রানেট (Intranet)

(2) ডেলনেট (Delnet)

(3) আরনেট (Ernet)

(4) ইন্টারনেট (Internet)

**126.** 'ভারচুয়াল রিয়্যালিটি' (virtual reality) হল –

(1) ভিডিও আলোচনা (video-conferencing)

(2) কম্প্যুটারে উৎপাদিত একটি উন্নতমানের প্রযুক্তি যার দ্বারা দৃশ্যগ্রাহ্যতা মান্য হয় – দেখা যায়

(3) দৃশ্য-চাক্তি (video-disc)

(4) টেলিফোনে আলোচনা (conferencing)

**127.** শব্দের উৎস-গঠন (back formation) এর দৃষ্টান্ত হিসাবে যেটিকে ধরা যায় –

(1) কাকা > কাক

(2) আনা + রস > আনারস

(3) বোলতা > বোল

(4) অদ্রিজা > অদ্রি

**128.** যে দুটিকে সমাস বলা যায় –

(1) পূর্ব/পশ্চিম

(2) আকাঙ্ক্ষা/নিবৃত্তি

(3) চৌমাথা/বীনাপানি

(4) বন্‌বন্/ঠক্‌ঠক্

**129.** ভাষা-আহরণে (Language Acquisition)

(1) একটি নিয়মবদ্ধ প্রণালীতে ব্যাকরণিক বিশ্লেষণ এবং শব্দভান্ডারের মুখস্থ করার কথা বলা হয়

(2) একটি পদ্ধতির কথা বলে যেখানে মনুষ্য মস্তিষ্কের সহজাত ক্ষমতায় একটি দেশীয় ভাষা (স্বভাষা) শেখা যায়

(3) একটি প্রক্রিয়া, যেখানে বাচ্চাদের তাদের স্বীয় ভাষাশিক্ষার জন্য পরিবেশ তৈরী করে দেওয়ার কথা বলা হয়

(4) প্রয়োজনীয় শব্দাবলী মুখস্থ করার কথা বলা হয়

**130.** 2005 সনের NCF অনুযায়ী ________ শিক্ষাদানের লক্ষ্য হল ছাত্রকে ভাবাত্মক চিন্তার উপায় করে দেওয়া এবং অক্ষরজ্ঞানের মধ্যে দিয়ে জ্ঞান আহরণ করতে সাহায্য করা ।

(1) প্রথম ভাষা

(2) তৃতীয় ভাষা

(3) ধ্রুপদী ভাষা

(4) দ্বিতীয় ভাষা

**131.** ক্রিয়াপদগুচ্ছের দৃষ্টান্ত হল –

(1) বহির্বাটী/গাছ-পাথর

(2) সময়-সারণী/পথযাত্রী

(3) নিভিয়ে দেওয়া/সাঁতার কাটা

(4) বাসস্ট্যাণ্ড/গাড়ি রাখার জায়গা

**132.** বিষয়-ভিত্তিক অধ্যয়ন যেটিকে ঘিরে গড়ে ওঠে –

(1) শিক্ষকের বিষয়-দক্ষতা অনুযায়ী

(2) বিষয়বস্তু অনুযায়ী

(3) শিক্ষার প্রযুক্তি অনুযায়ী

(4) শিক্ষার্থীদের আগ্রহ অনুযায়ী

**133.** মূল্যায়নের মানদণ্ড হবে –

(1) প্রশ্ন অনুসারে নম্বরের বিভাজন

(2) শিক্ষার্থীর যোগ্যতা সম্বন্ধে সাধারণ ধারণা

(3) নম্বর পাওয়ার কৌশল

(4) মুল্যায়নের নির্দেশিকা

**134.** 'একা' শব্দটির ধ্বনিতাত্ত্বিক রূপ হবে —

(1) eka

(2) aka

(3) কোনটিই নয়

(4) Σka

**135.** পাঠের সময় দক্ষতা-অর্জনের জন্য যে কাজ করতে হয় –

(1) নোট তৈরী করা

(2) সারাংশ তৈরী করা

(3) বোধশক্তির ব্যবহার

(4) নোট নেওয়া

*নির্দেশ : নিম্নলিখিত গদ্যাংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর বেছে (প্রশ্ন সংখ্যা 136 থেকে 141 পর্যন্ত) নিয়ে লিখুন।*

বিদেশের শিক্ষা ভারতবর্ষকে অতীতে ও বর্তমানে দ্বিধাবিভক্ত করিতেছে । যিনি সেতু নির্মাণ করিবেন, তিনি আমাদিগকে রক্ষা করিবেন । যদি সেই সেতু নির্মিত হয়, তবে এই দ্বিধারও সফলতা আছে কারণ,, বিচ্ছেদের আঘাত না পাইলে মিলন সচেতন হয় না । যদি আমাদের মধ্যে কিছুমাত্র পদার্থ থাকে তবে বিদেশ আমাদিগকে যে আঘাত করিতেছে সেই আঘাতে স্বদেশকেই আমরা নিবিড়তররূপে উপলব্ধি করিব । মামুদ ও মহম্মদ ঘোরির বিজয়বার্তার সন তারিখ আমরা মুখস্থ করিয়া পরীক্ষায় প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছি । এখন যিনি সমস্ত ভারতবর্ষকে সম্মুখে মূর্তিমান করিয়া তুলিবেন, অন্ধকারের মধ্যে দাঁড়াইয়া সেই ঐতিহাসিককে আমরা আহবান করিতেছি । তিনি আমাদিগকে এমন প্রাচীন সম্পদের অধিকারী করিবেন যে পরের ছদ্মবেশে নিজের লজ্জা লুকাইবার আর প্রবৃত্তি থাকিবেনা, তখন এ কথা আমরা বুঝিব, পৃথিবীতে ভারতবর্ষের একটি মহৎ স্থান আছে । আমরা কেবল গ্রহণ করিব না, অনুকরণ করিব না, দান করিব, প্রবর্তন করিব.. । এই বিদেশি শিক্ষাধিক্কারের হতে হইতে স্বজাতিকে মুক্তি দিতে হইলে শিক্ষার ভার আমাদের নিজের হাতে লইতে হইবে এবং যাহাতে শিশুকাল হইতে ছেলেরা স্বদেশীয় ভাবে, স্বদেশী প্রণালীতে ... শিক্ষা পাইতে পারে, তাহার জন্য চেষ্টা করিতে হইবে ।

**136.** ভারতবর্ষকে অতীতে ও বর্তমানে কোন্ শিক্ষা দ্বিধাবিভক্ত করছে ?

(1) ধর্ম শিক্ষা

(2) বিদেশি শিক্ষা

(3) বাংলা শিক্ষা

(4) প্রাচ্য শিক্ষা

**137.** যদি সেই সেতু নির্মিত হয় – কোন্ সেতুর কথা বলা হয়েছে ?

(1) পাশ্চাত্য সংস্কৃতি ও ভারতীয় সংস্কৃতির মধ্যে সেতু

(2) ইতিহাস ও বিজ্ঞানের মধ্যেকার সেতু

(3) অতীত ও বর্তমানের মধ্যে সেতু

(4) ইংরেজি-শিক্ষা ও বাংলা শিক্ষার মধ্যে সেতু

**138.** যদি আমাদের মধ্যে কিছুমাত্র পদার্থ যাকে, তাহলে কী করব ?

(1) বিদেশের আঘাত থেকে স্বদেশকেই নিবিড়ভাবে উপলব্ধি করব

(2) বিদেশি জাতির অগ্রগতিকে বুঝে নিয়ে তাঁদের শরণাপন্ন হব

(3) স্বদেশের মাটিতে বিদেশের শিক্ষাকে জায়গা করে দেব

(4) বিদেশি শিক্ষার অন্তঃসারশূন্যতাকে বুঝব

**139.** কোন্ ঐতিহাসিককে আমরা আহবান করছি ?

(1) যিনি ভারতের কথাকে সারা বিশ্বে জানাবেন

(2) যিনি সমস্ত ভারতবর্ষকে আমাদের সামনে মূর্তিমান করে তুলবেন

(3) যিনি ভারতবর্ষের প্রাচীন ইতিহাসকে নতুন করে লিখবেন

(4) যিনি আমাদের শিক্ষা দেবেন

**140.** সেই ঐতিহাসিক আমাদের যে প্রাচীন সম্পদের কথা বলবেন, তাতে আমাদের কী শিক্ষা হবে ?

(1) ইংরেজি সভ্যতা আমাদের সব প্রাচীন ঐতিহ্য নষ্ট করে দিচ্ছে

(2) পরের ছদ্মবেশে নিজের লজ্জা লুকানোর প্রবৃত্তি আর আমাদের থাকবেনা

(3) আমরা শিখব যে ভারতের ইতিহাস এখনও গড়া হয়নি

(4) আমরা কত বড় ছিলাম

**141.** বিদেশি শিক্ষাধিক্কারের হাতে থেকে স্বজাতিকে বাঁচাতে হলে –

(1) শিক্ষার ভার ইংরেজি শিক্ষকের হাতে দিয়ে ছেলেদের তাঁর হাতেই মানুষ হতে দিতে হবে

(2) শিক্ষার ভার আমাদের নিজের হাতে নিয়ে শৈশব থেকে ছেলেদের স্বদেশী ভাবে, স্বদেশী প্রণালীতে শিক্ষিত করে তুলতে হবে

(3) ঘরের সব শিশুদের নিয়ে টোল খুলতে হবে, সেখানে কানে কলম গুঁজে তালপাতায় লেখার অভ্যাস করাতে হবে

(4) বিদেশি শিক্ষাকে ধিক্কার দিতে শেখাতে হবে

*নির্দেশ : নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর বেছে লিখুন (142 – 150 নং) ।*

বাংলাদেশে এমন জেলা নাই যেখানে নানা স্থানে বৎসরের নানা সময়ে মেলা না হইয়া থাকে – প্রথমত এই মেলাগুলির তালিকা ও বিবরণ সংগ্রহ করা আমাদের কর্তব্য । তাহার পরে এই মেলাগুলির সূত্রে দেশের লোকের সঙ্গে যথার্থভাবে পরিচিত হইবার উপলক্ষ্য আমরা যেন অবলম্বন করি । একটা সভা উপলক্ষ্যে যদি দেশের লোককে ডাক দাও, তবে তাহারা সংশয় লইয়া আসিবে, তাহাদের মন খুলিতে অনেক দেরি হইবে – কিন্তু মেলা উপলক্ষ্যে যাহারা একত্র হয় তাহারা সহজেই হৃদয় খুলিয়াই আসে, সুতরাং এইখানেই দেশের মন পাইবার প্রকৃত অবকাশ ঘটে । পল্লীগুলি যেদিন হাল-লাঙল বন্ধ করিয়া ছুটি লইয়াছে, সেইদিনই তাহাদের কাছে-আসিয়া বসিবার দিন । প্রত্যেক জেলার ভদ্র শিক্ষিত সম্প্রদায় তাঁহাদের মেলাগুলিকে যদি নবভাবে জাগ্রত, নবপ্রাণে সজীব করিয়া তুলিতে পারেন, ইহার মধ্যে দেশের শিক্ষিতগণ যদি তাঁহাদের হৃদয় সঞ্চার করিয়া দেন, এই-সকল মেলায় যদি তাঁহারা হিন্দু-মুসলমানের মধ্যে সদ্ভাব স্থাপন করেন – কোনো প্রকার নিস্ফল

পলিটিক্সের সংস্রব না রাখিয়া বিদ্যালয়, পথঘাট, জলাশয়, গোচর-জমি প্রভৃতি সম্বন্ধে জেলার যে সমস্ত অভাব আছে, তাহার প্রতিকারের পরামর্শ করেন, তবে অতি অল্পকালের মধ্যে স্বদেশকে যথার্থই সচেষ্ট করিয়া তুলিতে পারেন ।

**142.** উপরুক্ত অনুচ্ছেদটির যে শিরোনামটি অধিক প্রযোজ্য, সেটি বেছে নাও –

(1) আমাদের মেলা ও স্বদেশভাবনা

(2) নিশ্চেষ্ট স্বদেশ

(3) স্বদেশপ্রেমে মেলার ভূমিকা

(4) মেলার নানারকম

**143.** মেলা-সম্পর্কে আমাদের প্রথম কর্তব্যটি কী ?

(1) প্রত্যেক জেলার ভদ্র-শিক্ষিত লোকের মেলার সঙ্গে সংযোগ-স্থাপন

(2) বিদ্যালয়, পথঘাট, জলাশয়, গোচর জমি সম্পর্কে খোঁজখবর নেওয়া

(3) মেলার মধ্যে সভা করা

(4) এই মেলাগুলির তালিকা ও বিবরণ সংগ্রহ

**144.** আমাদের জেলায়-জেলায় যে-সব মেলা হয়, সেগুলির সূত্রে কোন্ বিশেষ উপলক্ষ্য-অবলম্বন করার কথা এখানে বলা হয়েছে ?

(1) বিদ্বজ্জন-সমাগম করানো

(2) হিন্দু-মুসলমানের সঙ্গে সদ্ভাব স্থাপন

(3) দেশের লোকের সঙ্গে যথার্থভাবে পরিচিত হওয়া

(4) দেশীয় লোকের সমস্যার কথা শোনা

**145.** কেন মেলার গুরুত্ব সভার চেয়ে বেশি ?

(1) সভায় স্বদেশী ভাষা বলা হয় না, দেশের লোকের তাই সভার সঙ্গে কোনো যোগ থাকেনা

(2) একটা সভার নামে দেশের লোককে ডাকলে অনেকেই সংশয় নিয়ে আসে, ভদ্রতার আবরণের বাধা থাকায় মন খুলতে পারে না, কিন্তু মেলায় দেশের লোক মন খুলে সাড়া দেয়

(3) কারণ সভা শহরে হয়, গ্রামে হয়না, লোকে গ্রাম ছেড়ে শহরে সভা করতে যাবে না । ফলে সভা তেমন গুরুত্ব পাবে না

(4) মেলায় বহু মানুষের ভীড় হয় । সেখানে সভার চেয়ে অনেক বেশিসংখ্যক মানুষকে পাওয়া যায়

146. জেলার ভদ্র-শিক্ষিত সম্প্রদায়ের কর্তব্য কী ?

(1) তাঁদের জেলাস্থ সকল গ্রামগুলিকে মেলায় টেনে আনা, তাদের কথা শিক্ষিতজনের মাঝে বক্তৃতার মাধ্যমে প্রচার করা, তাঁদের সম্বন্ধে প্রবন্ধ লিখে পত্রিকায় ছাপানো

(2) জেলার ভদ্র-শিক্ষিত লোকেদের উচিত জেলাস্থ যত অশিক্ষিত মানুষ, তাদের ডেকে মেলায় আনা এবং প্রৌঢ়-শিক্ষা অভিযান চালানো

(3) মেলায় এসে বসা এবং কে, কী পসরা নিয়ে এসেছে, সে সব দেখা

(4) তাদের জেলার মেলাগুলিকে নবভাবে জাগ্রত করা, এগুলির মধ্যে তাঁদের হৃদয় স্থাপন, কোনোরকম পলিটিক্সের সংস্রব ছাড়া মানুষের সমস্যা বিষয়ে কথা বলা

147. দেশের মন পাওয়া – এই শব্দগুচ্ছের অর্থ এখানে –

(1) গ্রামের বহুসংখ্যক মানুষ শিক্ষিত মানুষের কাছাকাছি এসে তাঁদের চলাফেরা, কথা বলার ধরণ অনুকরণ করতে পারেন

(2) গ্রাম্য, অশিক্ষিত মানুষরা মেলায় এসে শহরের মানুষের সঙ্গে মন-বিনিময় করতে পারেন

(3) দেশ নামক ভূখন্ডের ভূপ্রকৃতি জানা যায়

(4) স্বদেশের অধিকাংশ মানুষ, যাঁরা গ্রামকেন্দ্রিক, সমস্যাজীর্ণ, অশিক্ষিত – শিক্ষিত মানুষ তাঁদের যথার্থ জানতে পারেন

148. 'সভা' অর্থে –

(1) উৎসব উপলক্ষ্যে অনেক মানুষের আনন্দধ্বনি

(2) কোনো একটি বিষয়-আলোচনার জন্য অনেক মানুষের একত্র সমাবেশ

(3) অনেক মানুষের জটলা

(4) একটি ঘর যেখানে অনেক মানুষ একত্র হয়

149. 'সম্প্রদায়' কথাটি প্রযোজ্য হবে এর সম্পর্কে –

(1) গ্রন্থ, নিবন্ধ, কবিতা, লেখা

(2) বৈষ্ণব, লেখক, শিক্ষক, ছাত্র

(3) ঝড়, বৃষ্টি, রৌদ্র, অন্ধকার

(4) প্রেম, প্রীতি, বাৎসল্য, ভক্তি

150. 'হৃদয়-সঞ্চার করা' শব্দগুচ্ছের অর্থ এখানে –

(1) মেলাগুলিতে মানুষকে ভাবানো

(2) হৃদয়ের সংযোগ স্থাপন – ভালবাসা

(3) উন্নতিবিধান করা

(4) হৃদয়কে ডানা মেলে উড়িয়ে দেওয়া

# SPACE FOR ROUGH WORK

## নিম্নলিখিত নির্দেশ গুলি মন দিয়ে পড়ুন

1. প্রতিটি প্রশ্নের চারটি বিকল্প উত্তরের মধ্যে সঠিক উত্তর হিসেবে OMR উত্তর পত্রে কেবল একটিমাত্র বৃত্তকেই নীল/কালো বল পয়েন্ট পেন দিয়ে ভরাট করতে হবে । একবার উত্তর চিহ্নিত করণ হয়ে গেলে, তা আর বদলানো যাবে না ।

2. পরীক্ষার্থীকে অবশ্যই মনে রাখতে হবে যে, উত্তর পত্রটিতে কিছুতেই ভাঁজ ফেলা চলবেনা, অন্য কোনো রকম দাগ লাগানো চলবে না । পরীক্ষার্থী তার ক্রমিক সংখ্যাটি (Roll No.) নির্ধারিত স্থান ছাড়া অন্য কোনোখানেই উল্লেখ করবেন না ।

3. পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্র সাবধানতার সঙ্গে নাড়াচাড়া করবেন । কোনো কারণে তা খারাপ বা নষ্ট হলে দ্বিতীয় পরীক্ষা পুস্তিকা দেওয়া হবে না । (শুধুমাত্র পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্রের কোড নম্বরের মধ্যে অমিল থাকলেই দ্বিতীয় পরীক্ষা-পুস্তিকা দেওয়া হবে ।)

4. পরীক্ষার্থী হাজিরা-পত্রে (Attendance Sheet) ঠিক মতো পরীক্ষা পুস্তিকা/উত্তর পত্রে মুদ্রিত পরীক্ষা পুস্তিকার কোড নম্বরটি লিখবেন ।

5. পরীক্ষার্থীকে কেবল প্রবেশ পত্র বা Admit Card ছাড়া অন্য কোনো পাঠ্য বস্তু, ছাপা বা হাতে-লেখা, কাগজের টুকরো, পেজার, মোবাইল ফোন, বৈদ্যুতিক উপকরণ বা অন্য কোনো দ্রব্য নিয়ে পরীক্ষা হল-এ ঢুকতে দেওয়া হবে না ।

6. পরীক্ষা-নিরীক্ষক চাইলে পরীক্ষার্থী তার প্রবেশপত্র তাঁকে দেখাবেন ।

7. পরীক্ষা-নিরীক্ষক বা তত্ত্বাবধায়কের অনুমতি ছাড়া পরীক্ষার্থী তার আসন ছেড়ে উঠবেন না ।

8. কর্মরত নিরীক্ষকের হাতে নিজের উত্তর পত্র জমা না দিয়ে এবং হাজিরা পত্রে দুবার স্বাক্ষর না করে পরীক্ষার্থী পরীক্ষার হল্ থেকে বেরোবেন না । যদি কোনো পরীক্ষার্থী হাজিরা পত্রে দ্বিতীয় বার স্বাক্ষর না করেন, তবে এটাই ধরে নেওয়া হবে যে তিনি তাঁর উত্তর পত্র জমা করেন নি – এবং ব্যাপারটিকে দন্ডনীয় অপরাধ হিসেবে গণ্য করা হবে ।

9. ইলেক্ট্রনিক/হস্তচালিত ক্যাল্‌কুলেটরর ব্যবহার নিষিদ্ধ ।

10. পরীক্ষা হলের মধ্যে পরীক্ষার্থী পরীক্ষা-বোর্ড-নির্ধারিত যাবতীয় নীতি-নিয়ম মেনে চলতে বাধ্য । কোনো রকম অনভিপ্রেত আচরণের বিচার ও তার সিদ্ধান্ত বোর্ডের নিয়ম-অধিনিয়ম অনুযায়ীই সম্পন্ন হবে ।

11. কোনো রকম পরিস্থিতিতেই পরীক্ষা পুস্তিকা ও উত্তর পত্রের কোনো অংশ বিচ্ছিন্ন করা চলবে না ।

12. **পরীক্ষা শেষ হলে, পরীক্ষার্থী পরীক্ষা-কক্ষ ছাড়ার আগে তাঁর উত্তর পত্রটি অবশ্যই কক্ষ-নিরীক্ষকের হাতে জমা দেবেন । পরীক্ষা পুস্তিকাটি অবশ্য জমা করার দরকার নেই – পরীক্ষার্থী সেটা নিজের সঙ্গে নিয়ে যেতে পারেন ।**

SEAL

**READ CAREFULLY THE FOLLOWING INSTRUCTIONS :**

1. Out of the four alternatives for each question, only one circle for the correct answer is to be darkened completely with Blue/Black Ball Point Pen on Side-2 of the OMR Answer Sheet. The answer once marked is not liable to be changed.
2. The candidates should ensure that the Answer Sheet is not folded. Do not make any stray marks on the Answer Sheet. Do not write your Roll No. anywhere else except in the specified space in the Answer Sheet.
3. Handle the Test Booklet and Answer Sheet with care, as under no circumstances (except for discrepancy in Test Booklet Code or Number and Answer Sheet Code or Number), another set will be provided.
4. The candidates will write the correct Test Booklet Code and Number as given in the Test Booklet / Answer Sheet in the Attendance Sheet.
5. Candidates are not allowed to carry any textual material, printed or written, bits of papers, pager, mobile phone, electronic device or any other material except the Admit Card inside the examination hall/room.
6. Each candidate must show on demand his / her Admission Card to the Invigilator.
7. No candidate, without special permission of the Superintendent or Invigilator, should leave his / her seat.
8. The candidates should not leave the Examination Hall without handing over their Answer Sheet to the Invigilator on duty and sign the Attendance Sheet twice. Cases where a candidate has not signed the Attendance Sheet a second time will be deemed not to have handed over the Answer Sheet and dealt with as an unfair means case.
9. Use of Electronic / Manual Calculator is prohibited.
10. The candidates are governed by all Rules and Regulations of the Board with regard to their conduct in the Examination Hall. All cases of unfair means will be dealt with as per Rules and Regulations of the Board.
11. No part of the Test Booklet and Answer Sheet shall be detached under any circumstances.
12. **On completion of the test, the candidate must hand over the Answer Sheet to the Invigilator in the Room / Hall.** ***The candidates are allowed to take away this Test Booklet with them.***

**निम्नलिखित निर्देश ध्यान से पढ़ें :**

1. प्रत्येक प्रश्न के लिए दिए गए चार विकल्पों में से सही उत्तर के लिए OMR उत्तर पत्र के पृष्ठ-2 पर केवल एक वृत्त को ही पूरी तरह नीले/काले बॉल पॉइन्ट पेन से भरें । एक बार उत्तर अंकित करने के बाद उसे बदला नहीं जा सकता है ।
2. परीक्षार्थी सुनिश्चित करें कि इस उत्तर पत्र को मोड़ा न जाए एवं उस पर कोई अन्य निशान न लगाएँ । परीक्षार्थी अपना अनुक्रमांक उत्तर पत्र में निर्धारित स्थान के अतिरिक्त अन्यत्र न लिखें ।
3. परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र का ध्यानपूर्वक प्रयोग करें, क्योंकि किसी भी परिस्थिति में (केवल परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र के संकेत या संख्या में भिन्नता की स्थिति को छोड़कर) दूसरी परीक्षा पुस्तिका उपलब्ध नहीं करायी जाएगी ।
4. परीक्षा पुस्तिका / उत्तर पत्र में दिए गए परीक्षा पुस्तिका संकेत व संख्या को परीक्षार्थी सही तरीके से हाज़िरी-पत्र में लिखें ।
5. परीक्षार्थी द्वारा परीक्षा हॉल/कक्ष में प्रवेश कार्ड के सिवाय किसी प्रकार की पाठ्य सामग्री, मुद्रित या हस्तलिखित, काग़ज़ की पर्चियाँ, पेजर, मोबाइल फोन, इलेक्ट्रॉनिक उपकरण या किसी अन्य प्रकार की सामग्री को ले जाने या उपयोग करने की अनुमति नहीं है ।
6. पूछे जाने पर प्रत्येक परीक्षार्थी, निरीक्षक को अपना प्रवेश-कार्ड दिखाएँ ।
7. अधीक्षक या निरीक्षक की विशेष अनुमति के बिना कोई परीक्षार्थी अपना स्थान न छोड़ें ।
8. कार्यरत निरीक्षक को अपना उत्तर पत्र दिए बिना एवं हाज़िरी-पत्र पर दुबारा हस्ताक्षर किए बिना परीक्षार्थी परीक्षा हॉल नहीं छोड़ेंगे । यदि किसी परीक्षार्थी ने दूसरी बार हाज़िरी-पत्र पर हस्ताक्षर नहीं किए तो यह माना जाएगा कि उसने उत्तर पत्र नहीं लौटाया है और यह अनुचित साधन का मामला माना जाएगा ।
9. इलेक्ट्रॉनिक / हस्तचालित परिकलक का उपयोग वर्जित है ।
10. परीक्षा-हॉल में आचरण के लिए परीक्षार्थी बोर्ड के सभी नियमों एवं विनियमों द्वारा नियमित हैं । अनुचित साधनों के सभी मामलों का फैसला बोर्ड के नियमों एवं विनियमों के अनुसार होगा ।
11. किसी हालत में परीक्षा पुस्तिका और उत्तर पत्र का कोई भाग अलग न करें ।
12. **परीक्षा सम्पन्न होने पर, परीक्षार्थी कक्ष / हॉल छोड़ने से पूर्व उत्तर पत्र कक्ष-निरीक्षक को अवश्य सौंप दें ।** ***परीक्षार्थी अपने साथ इस परीक्षा पुस्तिका को ले जा सकते हैं ।***